

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৫২৮

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি সিয়ামরত অবস্থায় রক্তমোক্ষম করতে চাইলে কিসের মাধ্যমে রক্তমোক্ষম করে নিবে তার বিবরণ

ذَكَرُ وَصَفٍ مَا يَحْتَجُّ الْمَرْءُ بِهِ إِذَا كَانَ صَائِمًا

আরবী

3528 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سَفْيَانَ حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ حَدَّثَنَا سَعِيدُ بْنُ يَحْيَى حَدَّثَنَا جَعْفَرُ بْنُ بُرْقَانَ عَنْ أَبِي الزُّبَيْرِ: عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَمَرَ أَبَا طَيْبَةَ أَنْ يَأْتِيَهُ مَعَ غَيْبُوبَةِ الشَّمْسِ فَأَمَرَهُ أَنْ يَضَعَ الْمَحَاجِمَ مَعَ إِفْطَارِ الصَّائِمِ فَحَجَمَهُ ثُمَّ سَأَلَهُ: (كَمْ خَرَجُكَ)؟ قَالَ: صَاعَيْنِ فَوَضَعَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْهُ صَاعًا.

الراوي : جَابِرُ بْنُ عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3528 | خلاصة حكم المحدث: ضعيف - ((الإرواء)) (933) - التحقيق الثاني).

قَالَ أَبُو حَاتِمٍ: سَعِيدُ بْنُ يَحْيَى يُعْرِفُ بِسَعْدَانَ مِنْ أَهْلِ دِمَشْقَ: ثِقَّةٌ مَأْمُونٌ مُسْتَقِيمٌ الْأَمْرُ فِي الْحَدِيثِ.

বাংলা

৩৫২৮. জাবির বিন আব্দুল্লাহ রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আবু তায়বাহ রাযিয়াল্লাহু আনহুকে সূর্য অস্ত যাওয়ার সময় তাঁর কাছে আসার নির্দেশ দেন। অতঃপর তিনি তাকে রক্তমোক্ষমের যন্ত্রপাতি ইফতারের সাথে রাখার নির্দেশ দেন। অতঃপর তিনি রক্তমোক্ষম করে নেন এবং তাকে জিজ্ঞেস করেন, “তোমার প্রতিদিনের পরিশোধযোগ্য করে পরমাণ কতো?” তিনি জবাবে বলেন, “দুই সা‘ খাদ্যদ্রব্য।” অতঃপর আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার প্রতিদিনের পরিশোধযোগ্য কর থেকে এক সা‘ কমিয়ে দেন।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “সাদ্দ বিন ইয়াহইয়া সা‘দান নামে পরিচিত। তিনি দামেস্কের অধিবাসী, হাদীসের ক্ষেত্রে সঠিক, নিরাপদ ও নির্ভরযোগ্য ব্যক্তি।

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৩৫৩।

হাদীসটির ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৯৩৩)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92862>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন